BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৯৫২

২১ আগষ্ট, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ সার্টিফিকেট/লাইসেন্স/পারমিট ইত্যাদি জারীকরণে জড়িত অংশীজনদের **Bangladesh Single Window (BSW) System** সম্পর্কে রোল বেসড ট্রেনিং (**Role Based Training**)এ অংশগ্রহন প্রসঙ্গে।

সূত্রঃ ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্পের অফিস স্মারক- ১(১৬৪)NSW প্রকল্প/CLPIA দের সাথে যোগাযোগ/২০২৩/ ২৮৯৬, তারিখঃ ২০/০৮/২০২৫।

আপনারা জানেন BSW System এর মাধ্যমে বিজিএমইএ'র Fire Certificate (FC) ও Machinery Release Certificate (MC) এর প্রত্যয়নপত্র জারির কার্যক্রম চালু হয়েছে। BSW System ব্যবহার করে কিভাবে কাজ করতে হবে সেই লক্ষ্যে সিস্টেমটির বিবরণ, সুবিধাসমূহ, পোর্টাল, রেজিস্ট্রেশন, CLP, ও পেমেন্ট মডিউলসমূহ সম্পর্কে অবগত হওয়ার জন্য ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প হতে ২ (দুই) দিন ব্যাপী ০৩টি রোল বেসড ট্রেনিং এর আয়োজন করা হয়েছে। প্রতিটি ট্রেনিং সেশনে ৩০ (ত্রিশ) জন করে প্রশিক্ষণার্থী অংশগ্রহন করতে পারবে।

উক্ত ট্রেনিং এ অংশগ্রহনের জন্য আপনার প্রতিষ্ঠানের একজন উপযুক্ত প্রতিনিধির নাম (পদবী, মোবাইল নম্বর, ইমেইসহ) ইমেইলে customs@bgmea.com.bd প্রতিষ্ঠানের প্যাডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। **অগ্রাধিকার ভিত্তিতে প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ সুযোগপ্রাপ্ত হবেন।**

উল্লেখ্য, যে সকল প্রশিক্ষণার্থী **২৬ ও ২৭ আগষ্ট, ২০২৫ইং তারিখে** অনুষ্ঠিত ট্রেনিং এ অংশগ্রহণ করতে আগ্রহী তাদের'কে আগামী **২৪/০৮/২০২৫ইং তারিখের** মধ্যে আবেদন করতে হবে।

যে সকল প্রশিক্ষণার্থী **০১ ও ০২ সেপ্টম্বর, ২০২৫ইং তারিখে** অনুষ্ঠিত ট্রেনিং এ অংশগ্রহণ করতে আগ্রহী তাদের'কে আগামী **২৮/০৮/২০২৫ইং তারিখের** মধ্যে আবেদন করতে হবে এবং

যে সকল প্রশিক্ষণার্থী **০৮ ও ০৯ সেপ্টম্বর, ২০২৫ইং তারিখে** অনুষ্ঠিত ট্রেনিং এ অংশগ্রহণ করতে আগ্রহী তাদের'কে আগামী **০৪/০৯/২০২৫ইং তারিখের** মধ্যে আবেদন করতে হবে।

প্রশিক্ষণার্থীগণ উল্লেখিত কোন তারিখের ট্রেনিংয়ে অংশগ্রহন করতে আগ্রহী আবেদনের মধ্যে তা সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো এবং যে সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ ইতোমধ্যে আয়োজিত ট্রেনিং এ অংশগ্রহন করেছেন তাদের পুনরায় অংশগ্রহনের প্রয়োজন নেই।

ট্রেনিং সম্পর্কিত বিস্তারিত তথ্য সূত্রোক্ত স্মারকে উল্লেখ রয়েছে, আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে যা এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

২২/৮/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প
১৬০/এ, আইডিইবি ভবন (১১তলা), কাকরাইল, ঢাকা-১০০০

অফিস স্মারক: ১(১৬৪)NSW প্রকল্প/CLPIA দের সাথে যোগাযোগ /২০২৩/২১-১৬ তারিখ: ২০/০৮/২০২৫ খ্রি.

বিষয় : সার্টিফিকেট/ লাইসেন্স/ পারমিট ইত্যাদি জারীকরণে জড়িত অংশীজনদের অংশগ্রহণে Bangladesh National Single Window System সম্পর্কে রোল বেসড ট্রেনিং (Role Based Training) আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে এবং Bangladesh Regional Connectivity Project-1 এর আওতায় World Bank এর ঋণ সহায়তায় Bangladesh National Single Window (NSW) Implementation and Strengthening Customs Modernization প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রকল্পে NSW & Automated Risk Management System (ARMS) Software প্রণয়নের লক্ষ্যে Software Vendor Webb Fontaine এর সাথে বিধি মোতাবেক চুক্তি সম্পাদনপূর্বক Module-ভিত্তিক Software তৈরীর কার্যক্রম চলমান রয়েছে।

০২। বর্ণিত অবস্থায়, সিস্টেমটির বিবরণ, সুবিধাসমূহ, পোর্টাল, রেজিস্ট্রেশন, CLP, ও পেমেন্ট মডিউল সমূহের কার্যক্রমের ওপর নিম্নবর্ণিত তারিখ ও সময়ে ০২ (দুই) দিন ব্যাপী মোট ০৬ দিন Role Based Training আয়োজন করা হয়েছে:

<u>প্রশিক্ষণ সূচী</u>

| প্রশিক্ষণের স্থান | বিষয় | ব্যাচ, তরিখ ও অংগ্রহণকারীর সংখ্যা | | | সময় | প্রশিক্ষণে অংশগ্রহণকারী | রিসোর্স পার্সন |
|---|---|---|---|---|---|---|---|
| কম্পিউটার ল্যাব, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা। | Bangladesh Single Window (BSW)-এর সংক্ষিপ্ত বিবরণ, প্রায়োগিক সুবিধাদির ওপর আলোকপাত, বিএসডব্লিউ-সফটওয়্যার এ রেজিস্ট্রেশন, CLP জমা এবং অনুমোদন প্রক্রিয়ার ডেমো এবং প্রশিক্ষণ প্রদান। | ব্যাচ ০৪ | ২৬ ও ২৭ আগস্ট ২০২৫ মঙ্গলবার ও বুধবার | ৩০ জন | সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত। | সংশ্লিষ্ট অংশীজন বৃন্দ | ওয়েবফন্টেইন টীম |
| | | ব্যাচ ০৫ | ০১ ও ০২ সেপ্টেম্বর ২০২৫ সোমবার ও মঙ্গলবার | ৩০ জন | | | |
| | | ব্যাচ ০৬ | ০৮ ও ০৯ সেপ্টেম্বর ২০২৫ সোমবার ও মঙ্গলবার | ৩০ জন | | | |

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে আপনার দপ্তরের মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকা এ দপ্তরে প্রেরণসহ মনোনীত কর্মকর্তাগণের প্রশিক্ষণে অংশগ্রহণ/উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

২০.৮.২০২৫

[জুয়েল আহমেদ]
প্রকল্প পরিচালক
ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ

১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি # ৭/৭ এ, সেক্টর # ১৭, ব্লক # এইচ ১, উত্তরা, ঢাকা -১২৩০, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ:** ক) শাহিনুর আক্তার, সিনিয়র ডেপুটি সেক্রেটারি ও ফোকাল পয়েন্ট।(তাঁকে সংশ্লিষ্ট কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
খ) মি: জাকারিয়া, এমআইএস, বিজিএমইএ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২। সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। প্রথম সচিব (কাস্টমস অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও,ঢাকা।
৫। পিএস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক (সকল), ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।
৭। সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার / NPC/ FMS/ PCMC, NSW-PIU, NBR।
৮। Project Manager, Webb Fontaine, 4th Floor, Caldwell Centre, Plot#54, Road#11, Block – C, Dhaka-1213.
৯। Project Manager, Deloitte Touche Tohmatsu India LLP.